

বাংলাদেশ থেকে বিশেষ ভাড়া অফার করছে এমিরেটস

- A Monitor Desk Report

Date: 06 September, 2021



দুবাইঃ বিভিন্ন দেশে ভ্রমণ নিষেধাজ্ঞা শিথিল হবার সাথে সাথে গ্রাহকদের জন্য ভ্রমণের অপশন ও বৃদ্ধি পাচ্ছে। যাত্রীদের আকাশ ভ্রমণে উৎসাহিত করতে এবং পরিবারের সদস্য ও বন্ধু-বান্ধবের সঙ্গে পুনরায় মিলিত হবার সুযোগ করে দিতে এমিরেটস ইউরোপ ও আমেরিকার কয়েকটি জনপ্রিয় গন্তব্যে বিশেষ মূল্যছাড় ঘোষণা করেছে।

ওয়াশিংটন ডিসি ও নিউইয়র্ক জেএফকেতে সকল ট্যাক্সসহ ইকোনমি শ্রেণীতে সর্বনিম্ন রিটার্ন ভাড়া পড়বে ৬৭,৪০০ টাকা, লস এঞ্জেলসে ৭১,৭৮১ টাকা, লন্ডন হিথ্রোতে ৬২,০৯২ টাকা, টরন্টোতে ৮৬,১০৪ টাকা। অন্যদিকে বিজনেস শ্রেণীতে ভাড়া হবে: ওয়াশিংটন ডিসি ২৫২,৭৫০ টাকা, নিউইয়র্ক জেএফকে ১৯৩,৭৭৫ টাকা, লস এঞ্জেলস ২৫২,৭৫০ টাকা, লন্ডন হিথ্রো ১৯৫,০৩৯ টাকা এবং টরন্টো ২৫২,৭৫০ টাকা।

৬ থেকে ১৯ সেপ্টেম্বের ২০২১ এর মধ্যে টিকিট ক্রয় করলে এই হাসকৃত ভাড়ার সুযোগ পাওয়া যাবে। তবে ৯ সেপ্টেম্বের ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ এর মধ্যে ভ্রমণ করতে হবে।

ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে অবস্থিত এমিরেটস অফিস বা ট্রাভেল এজেন্টদের কাছ থেকে বা www.emirates.com/bd সাইটের মাধ্যমে টিকিট ক্রয় করা যাবে।

যাত্রীদের জন্য বিনামূল্যে মাল্টি-রিস্ক ইন্সুরেন্স কভারেজ, যার মধ্যে কোভিড-১৯ অন্তর্ভুক্ত এবং অত্যন্ত শিথিল বুকিং নীতি অফার করছে এমিরেটস।

এমিরেটস বর্তমানে ঢাকা থেকে সপ্তাহে ২১টি ফ্লাইট পরিচালনা করছে এবং যাত্রীরা ভায়া দুবাই বিশেষ ১২০টির অধিক নগরীতে ভ্রমণ সুবিধা পাচ্ছেন। বাংলাদেশ থেকে এমিরেটসই একমাত্র এয়ারলাইন যারা 'প্রথম শ্রেণী' সেবা অফার করছে।

